অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে বাতাসের মান সম্পর্কে সর্বশেষ তথ্য জানালেন

মঙ্গলবার লোয়ার হাডসন ভ্যালি এবং নিউ ইয়র্ক সিটি মেট্রো রিজিয়নগুলিতে ওজোনের জন্য এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি

বুধবার পর্যন্ত স্টেটের বেশিরভাগ অংশে তাপমাত্রা বেশি থাকার আশঙ্কা

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের (New York State) ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এবং স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH) আগামীকাল, 12 আগস্ট, মঙ্গলবারে লোয়ার হাডসন ভ্যালি (Lower Hudson Valley) এবং নিউ ইয়র্ক সিটির (New York City) মেট্রো অঞ্চলগুলিতে ওজোনের (ozone) জন্য একটি এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি (Air Quality Health Advisory) জারি করেছে। আজকে, 11 আগস্ট, সোমবার, লং আইল্যান্ড (Long Island), নিউ ইয়র্ক সিটি মেট্রো, এবং লোয়ার হাডসন ভ্যালি অঞ্চলগুলিতে ওজোনের জন্য অ্যাডভাইজরি কার্যকর থাকছে। বেশি উঁচু জায়গায় এখনো কিছু দাবানলের ধোঁয়া দেখা যাচ্ছে যা স্টেট থেকে বের হয়ে যাচ্ছে, তাই নিউ ইয়র্কের বাসিন্দা ও ভিজিটরদেরকে নিজেদের প্রতিদিনের গরম আবহাওয়ার রুটিনে বাতাসের মান সম্পর্কে সচেতনতা যোগ করার কথা মনে করিয়ে দেওয়া হচ্ছে। এই আপডেটটি দেওয়া হয়েছে যখন গতকাল গভর্নর Hochul (হোকল) পুরো স্টেটে বুধবার পর্যন্ত একাধিক দিন বেশি তাপমাত্রা থাকার জন্য নিউ ইয়র্কবাসীদেরকে প্রস্তুত হতে তাগিদ দেন। মঙ্গলবার স্টেটের বেশিরভাগ অংশে, যার মধ্যে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Western New York), ফিঙ্গার লেকস (Finger Lakes), এবং নর্থ কান্ট্রি (North Country) সবথেকে উল্লেখযোগ্য, সেখানে 'ফিলস লাইক' তাপমাত্রা 90-এর ঘরের মাঝামাঝি বা উপরের দিতে থাকবে বলে ধারণা করা হচ্ছে। মঙ্গলবার ও বুধবার এছাড়াও আর্দ্রতার মাত্রা বাড়বে। বুধবার, ফিলস লাইক তাপমাত্রা স্টেটের বেশির ভাগ অংশে 90-এর ঘরের উপরের দিকে থাকবে এবং মিড হাডসন, নিউ ইয়র্ক সিটি, এবং লং আইল্যান্ড অঞ্চলের কিছু জায়গায় প্রায় 100-এর কাছাকাছি থাকবে। মঙ্গলবার ও বুধবার পুরো স্টেটে বৃষ্টি ও বজ্রপাতসহ ঝড়ের সম্ভাবনা আছে।

"আমাদের পুরো স্টেটে অনেক বেশি তাপমাত্রা থাকার কারণে আমি আমাদের বাতাস এবং আবহাওয়ার পূর্বাভাসের উপর ভালোমতো নজর রাখছি এবং নিউ ইয়র্কবাসীরা যাতে সুরক্ষিত থাকেন তা নিশ্চিত করতে সরকারে পার্টনারদের সাথে কাজ করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কবাসীদেরকে 'বাতাসের মান সম্পর্কে সচেতন' হওয়ার জন্য এবং নিজেদের ও নিজেদের প্রিয়জনদের নিরাপদ রাখতে যথাযথ সতর্কতা গ্রহণ করার জন্য আমি তাগিদ দিচ্ছি।"

আগামীকাল, 12 আগস্ট, যেসব অঞ্চলে এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি থাকবে: **লোয়ার হাডসন ভ্যালি,** যার মধ্যে আছে ডাচেস (Dutchess), অরেঞ্জ (Orange), পুটন্যাম (Putnam), আলস্টার (Ulster), এবং সালিভ্যান (Sullivan) কাউন্টি এবং **নিউ ইয়র্ক মেট্রো,** যার মধ্যে আছে নিউ ইয়র্ক সিটি এবং রকল্যান্ড (Rockland) এবং ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টি।

মানুষকে, বিশেষ করে যাদের হৃদরোগ ব্যাধি আছে এবং যাদের শ্বাসযন্ত্রের রোগে (যেমন অ্যাজমা) আছে, কমবয়সী শিশু, বয়স্ক ব্যক্তি, ঘরের বাইরে ব্যায়াম করেন এমন ব্যক্তি, এবং ঘরের বাইরে ভারী কাজ করেন এমন ব্যক্তিদেরকে ওজোন মাত্রা সর্বোচ্চ হয়ে গেলে (সাধারণত বিকাল থেকে সন্ধ্যার শুরু পর্যন্ত) ঘরের বাইরে শারীরিকভাবে কঠিন ভারী কাজ করাকে সীমিত করতে হবে। ঘরের বাইরের ওজোনের মাত্রা যখন বৃদ্ধি পায়, তখন ঘরের ভেতরে গেলে সংস্পর্শ হ্রাস পাবে। শ্বাস আটকে যাওয়া, বুকে ব্যথা, বা কাশির মতো লক্ষণ দেখা দিলে ব্যক্তিদের উচিত তাদের ব্যক্তিগত চিকিৎসকের সাথে দেখা করা।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন এবং ডিপার্টমেন্ট অফ হেলথ এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি জারি করে যখন DEC-এর আবহাওয়াবিদরা অনুমান করেন যে ওজোন বা সূক্ষ্ম কণাযুক্ত পদার্থের (fine particulate matter, PM2.5) কারণে হওয়া দূষণের মাত্রার জন্য এয়ার কোয়ালিটি ইনডেক্সের (Air Quality Index, AQI) মান 100-এর বেশি হবে। এক স্কেলে দূষণের আলাদা আলাদা মাত্রাকে সম্পর্কিত করার একটি সহজ উপায় হিসেবে AQI তৈরি করা হয়েছে, যেখানে AQI-এর মান বেশি হওয়ার অর্থ হলো অপেক্ষাকৃত বেশি স্বাস্থ্য উদ্বেগের ইঙ্গিত।

নিউ ইয়র্কবাসীকে উৎসাহ দেওয়া হচ্ছে যাতে তারা "বাতাসের মান সম্পর্কে সচেতন হন" এবং বাতাসের মানের পূর্বাভাস এবং অবস্থা সম্পর্কে নির্ভুল তথ্যের জন্য airnow.gov চেক করেন। DEC-এর বাতাসের মানের সর্বশেষ পূর্বাভাস দেখার জন্য, DEC-এর ওয়েবসাইট ভিজিট করুন।

ওজোন

গ্রীষ্মের তাপের কারণে মাটি পর্যায়ে ওজোন জমতে পারে, এটি ফোটোকেমিক্যাল স্মগের একটি মুখ্য উপাদান। অটোমোবাইল এক্সহস্ট এবং পুরোনো এমিশন উৎস হলো মাটিতে ওজোনের এবং নর্থ ইস্টের সবথেকে মারাত্মক বায়ু দূষণ সমস্যাগুলির মূল উৎস। ভূপৃষ্ঠের এই দূষককে উপরের বায়ুমণ্ডলের সুরক্ষা দেওয়া ওজোনের স্তর ভেবে ভুল করা যাবে না।

ওজোন সরাসরি এমিশন নয়, যখন সূর্যের আলো অটোমোবাইলের এক্সহস্ট এবং ইন্ডাস্ট্রির এমিশনের নাইট্রোজেন অক্সাইড (nitrogen oxides, NOx) এবং দ্রুত পরিবর্তনশীল জৈব যৌগের (volatile organic compounds, VOCs) সাথে রাসায়নিক বিক্রিয়া করে তখন ওজোন তৈরি হয়। হাই ওজোন PM2.5-এর মতো দেখা যায় না কারণ এটি বর্ণহীন গ্যাস, কিন্তু এটির কারণে আকাশ ধোঁয়াটে হবে এবং বেশি ঘনত্বে দৃশ্যমানতা কম হবে। দাবানলের ধোঁয়ার উপস্থিতির কারণেও ওজোনের উৎপাদন বেড়ে যেতে পারে।

ওজোনের মাত্রা সাধারণত রাতের বেলা কমে যায় এবং অটোমোবাইলে যাত্রা কমিয়ে দিয়ে এবং যেখানে সম্ভব সেখানে গণপরিবহন ব্যবহার করে দিনের বেলায় সর্বনিম্ন করা যাবে।

নিউ ইয়র্কবাসীদেরকে এছাড়াও নিচের এনার্জি সাশ্রয়ী এবং দূষণ কম করার পদক্ষেপগুলি নেওয়ার জন্য তাগিদ দেওয়া হচ্ছে:

- গাড়ি চালানোর বদলে গণপরিবহন বা কারপুল ব্যবহার করুন, কারণ আমাদের সিটিগুলিতে প্রায় 60 শতাংশ দূষণ হয়ে থাকে অটোমোবাইল এমিশনের কারণে;
- প্রয়োজনীয় মোটরযানের যাত্রাগুলিকে একসাথে করে জ্বালানি বাঁচান এবং এক্সহস্ট এমিশন কম করুন;
- যেখানে কেউ নেই সেখানে বাতি এবং ইলেক্ট্রিক্যাল অ্যাপ্লায়েন্স বন্ধ করে রাখুন;
- বাতাস চলাচল করানোর জন্য ফ্যান ব্যবহার করুন। এয়ার কন্ডিশনিং প্রয়োজন হলে থার্মোস্ট্যাটকে 78 ডিগ্রিতে রাখুন;
- পর্দা এবং জানালার ঢাকনা টেনে রাখুন যাতে তাপ জমে যাওয়া সীমিত হয় এবং ঠাণ্ডা বাতাস সংরক্ষণ করা যায়;
- গৃহস্থালির অ্যাপ্লায়েন্স ব্যবহার করা সীমিত করুন। প্রয়োজন হলে, অফ-পিক সময়ে (সন্ধ্যা 7টার পর) অ্যাপ্লায়েন্স চালান। এর মধ্যে আছে ডিশওয়াশার, ড্রায়ার, পুল পাম্প এবং পানির হিটার;
- রেফ্রিজারেটর এবং ফ্রিজারকে আরো এফিশিয়েন্ট তাপমাত্রায় রাখুন;

- এনার্জি স্টার (Energy Star) লেবেলসহ এনার্জি এফিশিয়েন্ট বাতি এবং অ্যাপ্লায়েন্স কিনুন এবং ইনস্টল করুন; এবং
- ঘরের বাইরে পোড়ানো কমান বা বন্ধ করুন এবং ঘরের ভেতরের PM 2.5-এর উৎস, যেমন, ধূমপান সর্বনিম্ন করার চেষ্টা করুন।

ওজোন এবং PM 2.5 সম্পর্কে অতিরিক্ত তথ্য DEC-এর ওয়েবসাইটে এবং DOH-এর ওয়েবসাইট (PM 2.5) / DOH-এর ওয়েবসাইটে (ওজোন) পাওয়া যাবে। এয়ার কোয়ালিটি ইনডেক্স সম্পর্কে DEC-এর একটি নতুন ফ্যাক্ট শিট DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে বা PDF হিসেবে ডাউনলোড করা যাবে।

DEC-এর সর্বশেষ সকল ঘোষণা জানার জন্য, DEC ডেলিভার্সের (DEC Delivers) মাধ্যমে এয়ার কোয়ালিটি অ্যালার্ট (Air Quality Alerts) পেতে সাইন আপ করুন, DEC ডেলিভার্স হলো: DEC-র প্রিমিয়ার ইমেল পরিষেবা। নিউ ইয়র্কবাসীকে বাতাসের মানের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানাতে DEC এছাড়াও একটি টোল-ফ্রি এয়ার কোয়ালিটি হটলাইন (1-800-535-1345) স্থাপন করেছে।

প্রচণ্ড তাপ বিপজ্জনক এবং মার্কিন যুক্তরাষ্ট্রে আবহাওয়াজনিত মৃত্যুর প্রধান কারণ। তাপ-সংক্রান্ত সবথেকে বেশি হওয়া অসুস্থতা হলো হিট স্ট্রোক (সান স্ট্রোক), গরমের জন্য ক্লান্তি, এবং হিট ক্র্যাম্প এবং তাপমাত্রার কারণে ফুসকুড়ি। গরমের কারণে হওয়া অসুস্থতা, চিহ্ন ও লক্ষণ এবং কখন ব্যবস্থা নিতে হবে সে সম্পর্কে স্টেটের হেলথ ডিপার্টমেন্টের প্রচণ্ড গরমের পরামর্শের ওয়েবপেজ থেকে জানুন।

ওয়েদার ওয়াচ, ওয়ার্নিং, অ্যাডভাইজরি এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য ন্যাশনাল ওয়েদার সার্ভিসের ওয়েবসাইট দেখুন (National Weather Service)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন